যুগান্তর

তারিখ ... 17 AUG 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# জবির শিক্ষার্থীদের শিক্ষা মন্ত্রণালয় ঘেরাও আজ

**জবি প্রতিনিধি**

আবাসিক সংকট নিরসন ও কারাগারের জমি হস্তান্তর করার দাবিতে আজ শিক্ষা মন্ত্রণালয় ঘেরাও করবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) আন্দোলনকারী শিক্ষার্থীরা। মঙ্গলবার দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের শান্ত চত্বরের সামনে গণস্বাক্ষর কর্মসূচি থেকে কর্মসূচি ঘোষণা করে শিক্ষার্থীরা।

জানা যায়, পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী সকাল থেকে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থী এবং তার আশপাশ সংলগ্ন এলাকাবাসীর কাছ থেকে গণস্বাক্ষর সংগ্রহ করেছেন আন্দোলনরত শিক্ষার্থীরা। এছাড়া দিনব্যাপী প্রতিবাদী গান ও বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করেছেন তারা।

**ছাত্রলীগের বাধা** : এই আন্দোলনকে ভিন্ন খাতে প্রভাবিত করতে জবি শাখার ছাত্রলীগের নেতারা বিভিন্ন সময় হুমকি দমকি দিয়ে আসছেন বলে অভিযোগ আন্দোলনকারী শিক্ষার্থীদের। মঙ্গলবার কর্মসূচি চলাকালে ছাত্রলীগের সভাপতি এফএম শরীফুল ইসলাম বলেন, শোকের মাসে ক্যাম্পাসে কোনো ধরনের আন্দোলন চলবে না। এছাড়া প্রশাসনের বাধা রীতিমতো বলবৎ।